

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র পরিদপ্তর  
বিটিএমসি ভবন (৬ষ্ঠ তলা)  
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

নং- ২৪.০২.০০০০.০০৫.১৮.১৪২.১৭- ৪৬৮

তারিখ : ২৮/১১/১৭

বরাবর  
ব্যবস্থাপনা পরিচালক  
মেসার্স নাগরপুর সোয়েটার্স লিঃ  
অফিস ও কারখানাঃ হোঃ-৩, মৈরান, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

বিষয় : কারখানার অনুকূলে অনাপত্তি পত্র প্রদান প্রসংগে।


সূত্র : আপনার ১২/১১/২০১৭ ইং তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত আবেদনের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনার আবেদনের প্রেক্ষিতে অত্র পরিদপ্তরে একটি নথি খোলা হয়েছে যার নম্বর- ২৪.০২.০০০০.০০৫.১৮.১৪২.১৭। আপনার প্রস্তাবিত বস্ত্র শিল্প কারখানা, মেসার্স নাগরপুর সোয়েটার্স লিঃ অফিস ও কারখানাঃ হোঃ-৩, মৈরান, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর নামক ১০০% রপ্তানিমুখী শিল্প উপখাত : “সোয়েটার” শিল্প কারখানার অনুকূলে প্রস্তাবিত রেজিস্ট্রেশন চেয়ে আবেদন করা হয়েছে।

এ ক্ষেত্রে উল্লেখ্য যে, “বর্তমানে আমদানি নীতি আদেশ ২০১৫-২০১৮ এর ৮(১৬)(ঈ) অনুচ্ছেদে বলা হয়েছে যে, নতুন শিল্প স্থাপনের উদ্দেশ্যে ক্যাপিটাল মেশিনারী এবং প্রাথমিক যন্ত্রাংশ আমদানির জন্য আমদানি নিবন্ধন সনদ পত্র (আই,আর,সি) ছাড়াই এল,সি খোলা যাইবে। এইরূপ ক্ষেত্রে প্রধান নিয়ন্ত্রকের নিকট হইতে আই,আর,সি অব্যাহতিপত্র গ্রহণের প্রয়োজন হইবে না। অবাধ সেস্টরভুক্ত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে নগদ বৈদেশিক মুদ্রায় ক্যাপিটাল মেশিনারী ও যন্ত্রাংশ আমদানির জন্য পোষকের কোন আনুষ্ঠানিক অনুমোদন পত্রের প্রয়োজন হইবে না।”

এছাড়া, কারখানাটির অনুকূলে বিদ্যমান রেজিস্ট্রেশন (নিবন্ধন) করতে হলে প্রস্তাবিত কারখানার অনুকূলে মেশিনারীজ আমদানী/স্থানীয়ভাবে সংগ্রহ করতঃ কারখানায় স্থাপনের পর আমদানির ক্ষেত্রে আমদানি সংক্রান্ত কাগজপত্রাদি(এলসি, বিল অফ এন্ট্রি, ইনভয়েস, বিল অফ লেডিং এবং এগুলোর নম্বর, তারিখ, মূল্য ও পরিমাণ সহ কম্পাইল তালিকা ব্যাংকের প্যাডে ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত) এবং স্থানীয় ভাবে সংগ্রহের ক্ষেত্রে চালান, ক্রয়ের চুক্তিপত্র দলিল এর কপি (নোটারী পাবলিক কর্তৃক সত্যায়িত), মেশিনারীজের তালিকা, কল-কারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক অনুমোদিত লে-আউট প্ল্যান ও সনদ, ট্রেড লাইসেন্স, কারখানা স্থাপনে স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক অনাপত্তিপত্র, কারখানা/ভবনের অনুমোদিত লে-আউট প্ল্যান, বহুতল ভবন হলে লোড বিয়ারিং/উপর্যুক্ততার সনদ, কারখানা/ভবনের দলিলপত্র, ভাড়া হলে ভাড়ার চুক্তিপত্র দলিল, আয়কর সনদ, ঋণ থাকলে ঋণ মঞ্জুরী সংক্রান্ত কাগজপত্র, ব্যাংক সলভেন্সি, লিঃ কোম্পানী হলে সার্টিফিকেট অফ ইনকর্পোরেশন ও মেমোরেণ্ডাম এন্ড আর্টিকেলস অফ এসোসিয়েশন ইত্যাদিসহ বস্ত্র পরিদপ্তরের নির্ধারিত ফরমের মাধ্যমে আবেদন করার জন্য পরামর্শ দেয়া হলো। উল্লেখ্য যে, জারীকৃত পত্রটি বস্ত্র পরিদপ্তরের ওয়েবসাইট [www.dot.gov.bd](http://www.dot.gov.bd) এ পাওয়া যাবে।

ধন্যবাদান্তে-

  
২৮/১১/১৭

(মো: মাহফুজুর রহমান)

সহকারী-পরিচালক (কারিগরি)

পরিচালক, বস্ত্র পরিদপ্তরের পক্ষে।

e-mail: [adplanning@dot.gov.bd](mailto:adplanning@dot.gov.bd)

ফোন: ০২-৫৫০১৩৬২৪।